

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৫২

৪/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ 8/২৯. পুরুষদের পিছনে সালাতরত মহিলাদের প্রতি নির্দেশ যেন তারা পুরুষদের সিজদা থেকে মাথা উঠানোর পূর্বে মাথা না উঠায়

أمر النساء المصليات وراء الرجال أن لا يرفعن رؤوسهن من السجود حتى يرفع الرجال

আরবী

حَدِيْثُ سَهْلِ بْنِ سَعْدِ قَالَ كَانَ رِجَالٌ يُصَلُّونَ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم عَاقِدِي أُزْرِهِمْ عَلَى أَعْنَاقِهِمْ كَهَيْئَةِ الصِّبْيَانِ وَيُقَالُ لِلنِّسَاءِ لاَ تَرْفَعْنَ رُءُوسَكُنَّ حَتَّى يَسْتَوِيَ الرِّجَالُ جُلُوسًا

বাংলা

২৫২. সাহল (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, লোকেরা শিশুদের মত নিজেদের লুঙ্গি কাঁধে বেঁধে সালাত আদায় করতেন। আর মহিলাদের প্রতি নির্দেশ ছিল যে, তারা যেন পুরুষদের ঠিকমত বসে যাওয়ার পূর্বে সিজদা হতে মাথা না উঠায়।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ : সালাত, অধ্যায় ৬, হাঃ ৩৬২; মুসলিম, পর্ব ৪: সালাত, অধ্যায় ২৯, হাঃ ৪৪১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন